

# **া** সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৪৬

२৫/ ि किंकि९ मा (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৪৫. যাদুমন্ত্র

اب السِّحْر

#### আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ عُثْمَانَ بْنِ سَعِيدِ بْنِ كَثِيرِ بْنِ دِينَارٍ الْحِمْصِيُّ، حَدَّثَنَا بَقِيَّةُ، حَدَّثَنَا أَبُو بَكْرٍ الْعَنْسِيُّ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، وَمُحَمَّدِ بْنِ يَزِيدَ الْمِصْرِيَّيْنِ، قَالاَ حَدَّثَنَا نَافِعُ، عَنِ الْعُنْسِيُّ، عَنْ يَزِيدَ بْنِ يَزِيدَ الْمِصْرِيَّيْنِ، قَالاَ حَدَّثَنَا نَافِعُ، عَنِ الشَّاةِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَتْ أُمُّ سَلَمَةَ يَا رَسُولَ اللَّهِ لاَ يَزَالُ يُصِيبُكَ كُلَّ عَامٍ وَجَعٌ مِنَ الشَّاةِ الْمَسْمُومَةِ الَّتِي أَكَلْتَ . قَالَ " مَا أَصَابَنِي شَيْءُ مِنْهَا إِلاَّ وَهُوَ مَكْتُوبُ عَلَى وَآدَمُ فِي طِينَتِهِ " .

#### বাংলা

২/৩৫৪৬। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, উম্মু সালামা (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল! আপনি যে বিষমিশ্রিত বকরীর মাংস আহার করেছিলেন তার ফলে প্রতি বছরই তো আপনি ব্যথা অনুভব করেন। তিনি বলেনঃ তাতে আমার যা ক্ষতি হয়েছে, তা আদম (আ) মাটির দলার মধ্যে থাকা অবস্থায়ই আমার তাকদীরে লেখা ছিল।

## **English**

It was narrated from Ibn 'Umar that Umm Salamah said:

"O Messenger of Allah, every year you are still suffering pain because of the poisoned meat that you ate." He said: "Nothing that happens to me, but it was decreed for me when Adam was still at the stage of being clay.'"

### ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। মিশকাত ১২৪৫, যইফাহ ৪৪২২। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. আবু বাকর বিন আনসী সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন,



তিনি মাজহুল বা অপরিচিত। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭২৬৪, ৩৬/১৫৪ নং পৃষ্ঠা) ২. মুহাম্মাদ বিন ইয়াযীদ আল-মিসরী সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলন, তার হাদিস বিশুদ্ধ নয়, তাছাড়া তার সানাদের ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আবু হাতিম বিন হিব্বান বলেন, আমি তার সানাদ ও খবরের ব্যাপারে তার উপর ভরসা করি না। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি অপরিচিত একজন ব্যাক্তি। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা অজ্ঞাত। ইমাম দারাকুতনী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তিনি হুজ্জাহ নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৬৯৯, ২৭/১৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন